

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭২০

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

ত্রিপুরায় অনুষ্ঠিত হবে খেলো ইন্ডিয়া আন্তঃ
বিশ্ববিদ্যালয় যোগাসন প্রতিযোগিতা : ক্রীড়ামন্ত্রী

আগামী ১৭ থেকে ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ ত্রিপুরায় অনুষ্ঠিত হবে খেলো ইন্ডিয়া আন্তঃ বিশ্ববিদ্যালয় যোগাসন প্রতিযোগিতা। ভারতের বিভিন্ন রাজ্যের বিশ্ববিদ্যালয়ের মোট ১৬টি দল অংশগ্রহণ করবে। অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের ১৬টি দলের মধ্যে ৮টি হল মহিলা এবং ৮টি হল পুরুষ যোগাসনের দল। আগরতলার নেতাজী চৌমুহনীস্থিত এনএসআরসিসি-তে হবে প্রতিযোগিতা। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় এসংবাদ জানান। তিনি জানান, খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমসে ২০টি ক্যাটাগরি থাকবে। এর মধ্যে ১৫ টি বিভাগের প্রতিযোগিতা হবে আসামে। বাকি ৫টি হবে উত্তর-পূর্বাঞ্চলের অন্যান্য রাজ্যগুলিতে। ত্রিপুরাতে হবে শুধুমাত্র যোগাসন প্রতিযোগিতা। ত্রিপুরা বিশ্ব বিদ্যালয়ের মহিলা যোগাসন খেলোয়াড়দের দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী আরও জানান, আগামী ২৬ থেকে ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ রাজ্যে অনুষ্ঠিত হবে ৭ম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসব-২০২৪। ৭ম উত্তর পূর্বাঞ্চল যুব উৎসবে বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠান সহ বিভিন্ন রাজ্যের ঐতিহ্যবাহী খাবার ও হাতের তৈরী বিভিন্ন সামগ্রীর প্রদর্শনী স্টল খোলা হবে। উৎসবে উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের এন এস এস ও নেহেরু যুব সংস্থার যুব প্রতিনিধিরা অংশগ্রহণ করবে। যুব উৎসবে বিভিন্ন ক্যাটাগরি যেমন - লোকসঙ্গীত, লোকনৃত্য, নাটক, রকব্যান্ড, গিটার, মাটির দ্বারা তৈরী বিভিন্ন সামগ্রী, অঙ্কন, ছবি তোলা ইত্যাদি বিভিন্ন বিষয়ের উপর প্রতিযোগিতা করা হবে। প্রদর্শনীমূলক বিষয়ের ক্ষেত্রে থাকবে মার্শাল আর্টস, যোগাসন, চিরাচরিত খাবার প্রদর্শন, হাতের তৈরী বাঁশ-বেতের সামগ্রী ও হাতের বোনা কাপড় ইত্যাদি। ক্রীড়ামন্ত্রী আসন্ন এই ক্রীড়া উৎসবকে সফল করতে সবার সহযোগিতা কামনা করেন।

সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এস. বি. নাথ, ত্রিপুরা বিশ্ব বিদ্যালয়ের প্রফেসর প্রশান্ত কুমার দাস প্রমুখ।
